অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সমন্বিত উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সহযোগিতা বৃদ্ধির নিমিত্ত

# যৌথ ঘোষণা

যেহেতু গত কয়েক দশকে বাংলাদেশে অসংক্রামক রোগ-বিশেষত হৃদযন্ত্র ও রক্তনালী সম্পর্কিত রোগ (যেমন-হৃদরোগ ও স্ট্রোক), ডায়াবেটিস, ক্যান্সার, দীর্ঘস্থায়ী শ্বাসতন্ত্রের রোগ, মানসিক স্বাস্থ্য সমস্যা এবং আঘাতজনিত অসুস্থতা-ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাচ্ছে; যা অকাল মৃত্যু ও অক্ষমতার প্রধান কারণ হয়ে উঠছে এবং গুরুতর জনস্বাস্থ্য সমস্যা সৃষ্টি ছাড়াও মানবসম্পদ উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য প্রতিবন্ধকতা সৃষ্টি করছে; এবং

যেহেতু বাংলাদেশের জনগণের স্বাস্থ্য সুরক্ষা, আর্থ-সামাজিক অগ্রগতি, জাতীয় সমৃদ্ধি নিশ্চিতকরণসহ টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এবং এসডিজি-পরবর্তী উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের চ্যালেঞ্জসমূহ যথাযথভাবে মোকাবেলার আবশ্যকতা রয়েছে; এবং

যেহেতু অভ্যাসজনিত ও আচরণগত ঝুঁকি যেমন- তামাক ব্যবহার, অতিরিক্ত লবণ, চিনি ও ট্রান্স ফ্যাটযুক্ত অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, শারীরিক নিষ্ক্রিয়তা, বায়ুদূষণ; বিপাকীয় ঝুঁকি-অতিরিক্ত ওজন, স্থূলতা, উচ্চ রক্তচাপ, উচ্চ রক্তশর্করা, উচ্চ কোলেস্টেরল; এবং পরিবেশগত, সামাজিক-অর্থনৈতিক, আইনগত ও বাণিজ্যিক নির্ধারকসমূহ অসংক্রামক রোগ ও মানসিক স্বাস্থ্য সমস্যাকে গুরুতরভাবে প্রভাবিত করে বিধায় প্রচলিত স্বাস্থ্য খাতের বাইরে জনসচেতনতা বৃদ্ধিসহ সমন্বিত উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন অত্যন্ত জরুরি; এবং

যেহেতু অসংক্রামক রোগসমূহের ফলপ্রসূ ব্যবস্থাপনার জন্য সকল স্তরের স্বাস্থ্য সেবা ব্যবস্থায় সমন্বিত কার্যপদ্ধতি গ্রহণ বিশেষত, প্রাথমিক স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি এবং জরুরি পরিস্থিতিতে মানবিক সহায়তার প্রেক্ষাপটে অসংক্রামক রোগীদের নিরবচ্ছিন্ন স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে বহুখাতীয় পদক্ষেপ গ্রহণ প্রয়োজন; এবং

যেহেতু জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে তথ্য-উপাত্ত ও গবেষণালব্ধ নীতি, কৌশল, কর্মপরিকল্পনা প্রণয়নে বহুখাতভিত্তিক কর্মপ্রচেষ্টার মূল্যায়ন, নিবিড় তদারকি, পর্যবেক্ষণ ও তথ্য সংগ্রহ-বিনিময় অত্যন্ত তাৎপর্যপূর্ণ; এবং

যেহেতু অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সমন্বিত উদ্যোগ ও কর্মপরিকল্পনার কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে বহুখাতভিত্তিক মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের মধ্যে সমন্বয় ও সহযোগিতা জোরদার করা জনস্বাস্থ্য সুরক্ষা, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামাজিক সমৃদ্ধি অর্জনে অতীব জরুরি;

সেহেতু নিম্নস্বাক্ষরকারী মন্ত্রণালয়/বিভাগসমূহ যৌথভাবে এ মর্মে প্রতিশ্রুতি ব্যক্ত করছে যে,-

নীতি প্রণয়নে অগ্রাধিকার

(ক) 'সব নীতিতে স্বাস্থ্যকে প্রাধান্য (Health in all Policies)' দৃষ্টিভঙ্গির আলোকে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ কর্মকৌশল ও নীতিমালা প্রণয়ন এবং নির্ধারণে অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কার্যক্রমকে অগ্রাধিকার দেবে এবং প্রয়োজনবোধে বিদ্যমান নীতিসমূহে সংশোধন নিশ্চিত করবে; এবং

কর্মপরিকল্পনা বাস্তবায়ন

(খ) জাতীয় অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশকৃত সাশ্রয়ী (Cost-effective Best Buys) কার্যপন্থা বাস্তবায়নের জন্য যথাযথ মানব ও আর্থিক সম্পদের প্রাপ্যতা নিশ্চিত করবে এবং অধস্তন দপ্তর/সংস্থার মাধ্যমে মাঠ পর্যায়সহ সকল স্তরে পরিকল্পিত কার্যক্রম তদারকি, পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবে; এবং

জনসচেতনতা বৃদ্ধি ও সর্বজনীন অংশগ্রহণ

(গ) অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি ও প্রাসঙ্গিক কার্যক্রম সর্বাত্মক সরকারি (Whole of Government) এবং সর্বাত্মক সামাজিক (Whole of Society) উদ্যোগ গ্রহণ করবে যেন সকল শ্রেণি-পেশার মানুষের সক্রিয় ও অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত হয়; এবং

সমন্বয় ও সহযোগিতা

(ঘ) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ জাতীয় অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের বহুখাতভিত্তিক সমন্বিত কর্মপরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়ন এবং সমন্বয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে সক্রিয়ভাবে সহযোগিতা করবে; এবং

অগ্রগতি পর্যালোচনা

(ঙ) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ 'যৌথ ঘোষণা'র অগ্রগতি নিয়মিতভাবে পর্যালোচনা ও পর্যবেক্ষণ করবে এবং উল্লেখযোগ্য সফলতা সংবলিত প্রতিবেদন প্রকাশ করবে; শনাক্তকৃত চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতা মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

নিম্নস্বাক্ষরকারী মন্ত্রণালয়/বিভাগসমূহ যৌথভাবে আমাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে এ 'যৌথ ঘোষণা'য় স্বাক্ষর করছি।

**ঢাকা, বাংলাদেশ**
**২০ আগস্ট, ২০২৫**

## অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে 'যৌথ ঘোষণা'য় স্বাক্ষরকারী মন্ত্রণালয়/বিভাগসমূহ

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ

সিনিয়র সচিব
সড়ক পরিবহন ও
মহাসড়ক বিভাগ

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

সিনিয়র সচিব
মহিলা ও শিশু
বিষয়ক মন্ত্রণালয়

সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়

সচিব
পরিবেশ, বন ও জলবায়ু
পরিবর্তন মন্ত্রণালয়

সচিব
কৃষি মন্ত্রণালয়

সচিব
অর্থ বিভাগ

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও
পরিবার কল্যাণ বিভাগ

সচিব
শ্রম ও কর্মসংস্থান
মন্ত্রণালয়

সচিব
প্রধান উপদেষ্টার কার্যালয়

সচিব
খাদ্য মন্ত্রণালয়

সচিব
স্থানীয় সরকার বিভাগ

সচিব
রেলপথ মন্ত্রণালয়

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

সচিব
পরিকল্পনা বিভাগ

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

সচিব
আইন ও বিচার বিভাগ

সচিব
গৃহায়ন ও গণপূর্ত
মন্ত্রণালয়

সচিব
প্রাথমিক ও
গণশিক্ষা মন্ত্রণালয়

সচিব
শিল্প মন্ত্রণালয়

সচিব
পরিসংখ্যান ও তথ্য
ব্যবস্থাপনা বিভাগ

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা
ও ত্রাণ মন্ত্রণালয়

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

সচিব
পল্লী উন্নয়ন ও
সমবায় বিভাগ

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সচিব
কারিগরী ও মাদ্রাসা
শিক্ষা বিভাগ

সচিব
লেজিসলেটিভ ও সংসদ
বিষয়ক বিভাগ